

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
আমার বাড়ি আমার খামার প্রকল্প
প্রবাসী কল্যাণ ভবন (লেভেলঃ ১৩)
৭১-৭২, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা-১০০০।
www.ebek-rdcd.gov.bd

স্মারক নম্বর: ৪৭.৬০.০০০০.০০১.১৮.০০১.১৯.১১০

তারিখ: ২০ চৈত্র ১৪২৫

০৩ এপ্রিল ২০১৯

বিষয়: মাঠ সহকারী ও ফিল্ড সুপারভাইজারদের দায়িত্ব সুনির্দিষ্টকরণ প্রসঙ্গে।

আমার বাড়ি আমার খামার প্রকল্পে ইতোমধ্যে মাঠ সহকারীর নবসৃষ্ট এবং ফিল্ড সুপারভাইজারের শূন্য পদে জনবল নিয়োগ প্রদান করা হয়েছে। বাকী শূন্য পদে চলতি মাসের মধ্যেই নিয়োগ সম্পন্ন হবে। ৩০ জুন ২০১৬ পর্যন্ত সময়ে প্রকল্পের আওতায় সম্পাদিত কর্মকান্ড পল্লী সঞ্চয় ব্যাংকে স্থানান্তরিত হয়েছে। প্রকল্পের কিছু কর্মচারী ইতোমধ্যে ব্যাংকে স্থানান্তরিত হয়েছে। তবে তাদের বেতন-ভাতা প্রকল্প হতে প্রদান করা হচ্ছে। প্রকল্প ও ব্যাংকের কাজ একই কর্মচারী দ্বারা সম্পাদনে সরকারের নির্দেশনা রয়েছে। এমতাবস্থায় মাঠ সহকারী ও ফিল্ড সুপারভাইজারদের নিম্নোক্তভাবে দায়িত্ব সুনির্দিষ্ট করে দেয়ার অনুরোধ করা হলো।

- ১। ফিল্ড সুপারভাইজার/জুনিয়র অফিসার(মাঠ)-দের ইউনিয়নভিত্তিক দায়িত্ব প্রদান করতে হবে। কোন্ কোন্ ইউনিয়নের দায়িত্বে কোন্ ফিল্ড সুপারভাইজার তা আদেশে উল্লেখ করতে হবে। কোন ইউনিয়নের আংশিক দায়িত্ব প্রদান করা হলে সমিতিসমূহের নাম উল্লেখ করে দিতে হবে।
- ২। মাঠ সহকারীর সংখ্যা ইউনিয়ন প্রতি গড়ে ২ জন হওয়ায় মাঠ সহকারীদের সমিতিসমূহের নাম উল্লেখ করে অফিস আদেশের মাধ্যমে দায়িত্ব সুনির্দিষ্ট করে দিতে হবে।
- ৩। পুরাতন ও নতুন মাঠ সহকারীদের পুরাতন সমিতি ও নতুন সমিতি উভয়ের দায়িত্ব প্রদান করতে হবে। তবে নতুন মাঠ সহকারীদের পুরাতন সমিতি দেয়ার ক্ষেত্রে তাদের দক্ষতা/যোগ্যতা বিবেচনা করে ২/১ টি পুরাতন সমিতি এবং নতুন সমিতির কয়েকটি প্রদান করা যেতে পারে।
- ৪। পুরাতন সমিতির দায়িত্ব নতুন মাঠ সহকারীকে প্রদানের ক্ষেত্রে পুরাতন মাঠ সহকারী যাতে সমিতির সকল হিসাব নিকাশ সুষ্ঠুভাবে নতুন মাঠ সহকারীকে বুঝিয়ে দেয় তার ব্যবস্থা করতে হবে।
- ৫। কোন মাঠ সহকারী/ফিল্ড সুপারভাইজার এর পদ শূন্য হলে তার স্থলে অন্য কাউকে দায়িত্ব দেয়ার ক্ষেত্রে অবশ্যই লিখিত আদেশের মাধ্যমে দায়িত্ব প্রদান করতে হবে।
- ৬। ফিল্ড সুপারভাইজার/মাঠ সহকারীদের দায়িত্ব প্রদানের ক্ষেত্রে উপজেলা নির্বাহী অফিসারের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।



৩-৪-২০১৯

(আকবর হোসেন)

প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)

ফোন: ৯৩৫৯০৮৩

ফ্যাক্স: ৯৩৪৮২০৬

ইমেইল: headoffice@ebek-
rdcd.gov.bd

উপজেলা নির্বাহী অফিসার (সকল)

.....উপজেলা.....জেলা।

স্মারক নম্বর: ৪৭.৬০.০০০০.০০১.১৮.০০১.১৯.১১০/১(৭)

তারিখ: ২০ চৈত্র ১৪২৫
০৩ এপ্রিল ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) ব্যবস্থাপনা পরিচালক, পল্লী সঞ্চয় ব্যাংক, ইস্কাটন গার্ডেন, ঢাকা।
- ২) জেলা প্রশাসক,
- ৩) প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা।
- ৪) উপপরিচালক, বিআরডিবি,.....।
- ৫) জেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প,
- ৬) জেলা/উপজেলা হিসাবরক্ষণ অফিসার,
- ৭) উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প,



৩-৪-২০১৯

(আকবর হোসেন)

প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)